

## ২০ (বিশ) হাজার কোটি টাকার সিএমএসএমই ঋণ প্রণোদনা প্যাকেজ

নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশে সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব মোকাবেলায় কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের (CMSME) স্বল্প সুদে চলতি মূলধন ঋণ/বিনিয়োগ সুবিধা প্রবর্তনের জন্য বিগত এপ্রিল ০৫, ২০২০ তারিখে ২০(বিশ) হাজার কোটি টাকার আবর্তনশীল সিএমএসএমই ঋণ প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা হয়।

### ঋণ প্রাপ্তির যোগ্যতা :

ক) শুধুমাত্র করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে এমন কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোগ (CMSME) এ সুবিধার আওতাভুক্ত হবে।

খ) খেলাপী ঋণ গ্রহিতাগণ এ প্যাকেজের আওতায় ঋণ সুবিধা প্রাপ্য হবেন না। কোন ঋণ গ্রহিতা প্রতিষ্ঠানের কোন ঋণ মন্দ/ক্ষতিজনকমানে শ্রেণীকৃত হওয়ার পর ৩ (তিন) বারের অধিক পুনঃতফসিলকৃত হলে এরূপ ঋণ গ্রহিতা প্রতিষ্ঠানও এ প্যাকেজের আওতায় ঋণ সুবিধা প্রাপ্য হবে না;

গ) নতুনভাবে ঋণ গ্রহণের জন্য আবেদনকারী (যাদের নামে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে বর্তমানে কোন ঋণ/বিনিয়োগ নেই, তবে যারা এ যাবৎ নিজস্ব পুঁজি দিয়ে ব্যবসা পরিচালনা করছিলেন কিন্তু বর্তমানে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় প্রাতিষ্ঠানিক ঋণ/বিনিয়োগের সুবিধা নিতে আগ্রহী) এবং বিদ্যমান ঋণ/বিনিয়োগ গ্রহিতা উভয়ের ক্ষেত্রেই ঐ সকল প্রতিষ্ঠানের আকারের উপর নির্ভর করে নিম্নরূপ আর্থিক বিবরণী গ্রহণ ও পর্যালোচনা সাপেক্ষে এ ঋণ সুবিধা গ্রহণ করতে পারবে;

(i) কুটির ও মাইক্রো শিল্পের ক্ষেত্রে সর্বশেষ সমাপ্ত হিসাব বছরের আর্থিক বিবরণী (ঋণ/বিনিয়োগ গ্রহণের সময় সর্বশেষ হিসাব বছর শেষ হওয়ার ৬ (ছয়) মাস অতিবাহিত না হলে পূর্ববর্তী হিসাব বছরের আর্থিক বিবরণী) অথবা বিগত বছরের (এক/একাধিক) উৎপাদন/বিক্রি/টার্নওভারের লিখিত হিসাব থাকা সাপেক্ষে এ ঋণ সুবিধা প্রাপ্য হবেন;

(ii) ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে সর্বশেষ সমাপ্ত হিসাব বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী (ঋণ/বিনিয়োগ গ্রহণের সময় সর্বশেষ হিসাব বছর শেষ হওয়ার ৬(ছয়) মাস অতিবাহিত না হলে পূর্ববর্তী হিসাব বছরের আর্থিক বিবরণী) অথবা আস্থায় নেয়া যায় এরূপ আর্থিক বিবরণী থাকা সাপেক্ষে এ ঋণ সুবিধা প্রাপ্য হবেন;

ঘ) আলোচ্য প্যাকেজের আওতায় নারী উদ্যোক্তাগণ অগ্রাধিকার ভিত্তিতে ঋণ সুবিধা প্রাপ্য হবেন;

### অনুমোদিত খাতসমূহের নাম :

১. কৃষিভিত্তিক শিল্প ও কৃষিপন্য প্রক্রিয়াজাতকরণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্প
২. কৃষিভিত্তিক কর্মকাণ্ড

৩. মৎস্য চাষ ও রেনু পোনা উৎপাদন এবং প্রাণীসম্পদ
৪. তাঁত, হস্ত ও কারুশিল্প (নকশী কাঁথা)
৫. নবায়নযোগ্য শক্তি যেমন- সোলার পাওয়ার, উইন্ডমিল
৬. চাতাল ব্যবসা
৭. পাট ও পাটজাতপন্য
৮. চামড়া ও চামড়াজাত পণ্য শিল্প
৯. অটোমোবাইল প্রস্তুত ও মেরামতকারী শিল্প
১০. জুয়েলারী শিল্প
১১. আগর ও মোমবাতি শিল্প
১২. টেইলারিং
১৩. সেলুন ও বিউটি পার্লার, জিম
১৪. বুটিকস/বাটিকস
১৫. বিভিন্ন ক্ষুদ্র ব্যবসা

এছাড়াও সিএমএসএমই ঋণের জন্য অনুমোদিত সকল খাতেই অর্থায়ন করা যাবে।

### ঋণের মেয়াদ :

অত্র প্রণোদনা প্যাকেজের আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতের উদ্যোক্তাদেরকে চলতি মূলধন এবং মেয়াদী উভয় ধরনের ঋণ সুবিধা পাবেন। মাঝারি খাতের উদ্যোক্তা শুধুমাত্র চলতি মূলধন ঋণ সুবিধা প্রাপ্য হবেন।

### ঋণের সুদ হার :

এ ঋণে সুদ হার হবে সর্বোচ্চ ৯(নয়) শতাংশ। প্রদত্ত ঋণের সুদের সর্বোচ্চ ৪(চার) শতাংশ ঋণ গ্রহিতা পরিশোধ করবে এবং অবশিষ্ট ৫(পাঁচ) শতাংশ সরকার ভর্তুকী হিসেবে প্রদান করবে। তবে কোন উদ্যোক্তা প্রতিষ্ঠান ঋণ/বিনিয়োগ গ্রহণের পর সর্বোচ্চ ১(এক) বছর এ প্যাকেজের আওতায় সরকার হতে ভর্তুকী প্রাপ্য হবে।

### জামানত:

নারী উদ্যোক্তাদের ১০.০০ লক্ষ টাকা এবং পুরুষ উদ্যোক্তাদের ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত জামানতবিহীন ঋণ প্রদান করা হবে। এর অতিরিক্ত পরিমাণ ঋণ গ্রহণের ক্ষেত্রে ঋণাংক জামানত দ্বারা আবৃত হতে হবে।

### গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ঋণসীমা :

উৎপাদন শিল্পে সর্বোচ্চ ৭৫.০০ কোটি টাকা, সেবা শিল্পে সর্বোচ্চ ৫০.০০ কোটি টাকা এবং ট্রেডিং উদ্যোগে সর্বোচ্চ ৫.০০ কোটি টাকা অর্থায়ন করা যাবে।